

আমি কীভাবে ঘণাজনিত অপরাধ (Hate Crime) রিপোর্ট করবো?

অন্য কোনো অপরাধে যে প্রক্রিয়ায় রিপোর্ট করা হয় ঠিক সেভাবেই লোকজনকে ঘণাজনিত অপরাধ রিপোর্ট করতে হবে। চলমান অপরাধ বা অন্য কোনো জরুরি পরিস্থিতির জন্য অবিলম্বে 911-এ কল করুন। অ-গুরুত্বপূর্ণ পরিস্থিতিতে বা অতীতের কোনো ঘটনা সম্পর্কে আপনার স্থানীয় পুলিশ এলাকায় রিপোর্ট করা যেতে পারে। পুলিশ কর্মকর্তাগণ সাড়া দেবেন, তাৎক্ষণিকভাবে সহায়তা করবেন এবং প্রাথমিক তদন্ত করবেন। যদি দেখা যায় যে অপরাধটি পক্ষপাত বা ক্ষতি করার উদ্দেশ্যে করা হয়ে থাকে, তবে হেট ক্রাইম টাস্ক ফোর্সকে অবহিত করা হবে এবং একটি বিশদ তদন্ত করা হবে।

ঘণাজনিত অপরাধের শিকার ব্যক্তিগণ তাদের স্থানীয় এলাকার কমিউনিটি অ্যাফেয়ার্স কর্মকর্তা এবং হেট ক্রাইম টাস্ক ফোর্সের কাছ থেকে ভুক্তভোগীকে যথাযথ সহায়তা পেতে সাহায্য করবেন। মনে রাখা গুরুত্বপূর্ণ যে, চলমান ঘণাজনিত অপরাধের বিষয় রিপোর্ট করা থেকে বা প্রয়োজনীয় পরিষেবা পাওয়া থেকে কোনো ব্যক্তির অভিবাসনগত অবস্থা বাধা দেয় না। সকল ধরনের ঘণাজনিত অপরাধ তদন্ত করার জন্য NYPD হেট ক্রাইম টাস্ক ফোর্স সম্পূর্ণভাবে প্রতিশ্রুতিবদ্ধ।

মনে রাখবেন।

জনসাধারণের নিরাপত্তার জন্য NYPD-এর কাছে কোনো অপরাধ রিপোর্ট করা গুরুত্বপূর্ণ। জরুরি পরিস্থিতিতে তাৎক্ষণিক সহায়তা পেতে 911 নম্বরে কল করুন।

অ-গুরুত্বপূর্ণ পরিস্থিতিতে বা অতীতের কোনো ঘটনা সম্পর্কে আপনার স্থানীয় এলাকায় যোগাযোগ করুন এবং **1-800-577-TIPS-এ ক্রাইম স্টপার্সকে** কল করুন, যেন তদন্তে সহায়তা করার জন্য পরিচয় গোপন রেখে তথ্য প্রদান করা যায়।

অপরাধের বিষয়ে অনতিবিলম্বে রিপোর্ট করার মাধ্যমে আপনি একটি অধিকতর নিরাপদ কমিউনিটি গঠনে অবদান রাখেন এবং নিউ ইয়র্ক সিটির নাগরিক ও দর্শনার্থীদের সুরক্ষা দিতে ও সেবা করতে NYPD-এর মিশনকে সহায়তা করেন।



NYPD
হেট ক্রাইম টাস্ক ফোর্স

ঘৃণাজনিত অপরাধ কী?

কোনো বিশ্বাস বা উপলক্ষিটি সঠিক হোক বা না হোক তা নির্বিশেষে, কোনো অপরাধ বা বেআইনি কার্যক্রমের সম্পূর্ণ বা উল্লেখযোগ্য অংশ করার পেছনের বিশ্বাস বা উপলক্ষি হলো কোনো ব্যক্তির জাতি, বর্ণ, জাতিগত উৎপত্তি, বংশপরিচয়, লিঙ্গ, লিঙ্গ পরিচয় বা অভিব্যক্তি, ধর্ম, ধর্মীয় অনুশীলন, বয়স, বিকলাঙ্গতা বা যৌন আসক্তি।

NYPD হেট ক্রাইম টাস্ক ফোর্স

হেট ক্রাইম টাস্ক ফোর্স গঠিত হয় NYPD কর্মকর্তাদের একটি নিবেচিত টিম নিয়ে, যাদের দায়িত্ব হলো পক্ষপাত বা ক্ষতি করার উদ্দেশ্য নিয়ে করা অপরাধগুলো তদন্ত করা।

তাদের প্রাথমিক লক্ষ্য হলো এই অপরাধকারী ব্যক্তিদেরকে ন্যায়বিচারের আওতায় নিয়ে আসা। তাদের বিশেষায়িত দক্ষতা, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা ব্যবহার করে তারা এই ধরনের ঘটনার নিবিড় তদন্ত পরিচালনা করেন। এছাড়াও, ঘৃণাজনিত অপরাধ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, প্রতিরোধ শিক্ষিত করার জন্য টিমটি বিভিন্ন কমিউনিটি প্রতিষ্ঠান ও অন্যান্য আইন প্রয়োগকারী এজেন্সির সাথে সহযোগিতা করে থাকে। ঘৃণার বিরুদ্ধে লড়াই করতে ও সকলের জন্য জননিরাপত্তা নিশ্চিত করতে টাস্ক ফোর্সের কাজগুলো খুবই গুরুত্বপূর্ণ।

বাক স্বাধীনতা বনাম ঘৃণাজনিত অপরাধ

যুক্তরাষ্ট্রের সংবিধানের প্রথম সংশোধনী মানুষ মুক্তভাবে তাদের মতামত প্রকাশ করতে পারার বিষয়টি নিশ্চিত করে, অন্যদের প্রতি তারা কতোটা আক্রমণাত্মক হবে তা নির্বিশেষে। বাক স্বাধীনতা ও ঘৃণাজনিত অপরাধের মধ্যে পার্থক্য করা বেশ কষ্টসাধ্য হতে পারে। যদিও অপমানজনক বা ঘৃণা ভাষা ব্যবহার নিষিদ্ধ হতে পারে, তবে ঘৃণাজনিত অপরাধ হয়ে থাকে যখন ভুক্তভোগী পরিচয় বোঝার মাধ্যমে কোনো অপরাধমূলক কাজ করা হয়ে থাকে। উদাহরণস্বরূপ, অপরাধমূলক হলেও, শুধু কাউকে অপমানজনক নামে ডাকা বা কলঙ্ক দেওয়া বাক স্বাধীনতার অধীনে পড়তে পারে। তবে, যদি কেউ ভুক্তভোগীর জাতির উপর ভিত্তি করে তাকে মৌখিকভাবে লক্ষ্যবস্তু বানায় এবং তাদেরকে হামলা করার জন্য এগিয়ে যায়, তবে এটি ঘৃণাজনিত অপরাধ হয়ে থাকে।

রিসোর্সসমূহ

ভিক্টিম সার্ভিসেস এজেন্সিজ

- দ্যা নিউ ইয়র্ক সিটি মেয়র'স অফিস অব ভিক্টিম সার্ভিসেস
- সেইফ হরাইজন

কাউন্সেলিং অ্যান্ড মেন্টাল হেলথ সাপোর্ট

- লিগাল এইড সোসাইটি
- নিউ ইয়র্ক ক্রাইম ভিক্টিমস লিগ্যাল নেটওয়ার্ক

সাপোর্ট গ্রুপস অ্যান্ড কমিউনিটি সংস্থাসমূহ:

- ক্রাইম ভিক্টিমস ট্রিটমেন্ট সেন্টার (CVTC)



NYPD

নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট